শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো

গোলক ধাঁধা

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

5	9					2	3	
				2			5	
	2	3	1				8	
		4			6			
			5		2			
			3			9		
	5				4	1	2	
	3			1				
	4	9					6	8

গতকালের সমাধান

2	7	3	6	1	5	9	8	4
6	9	5	4	2	8	7	3	1
4	8	1	9	3	7	2	5	6
7	4	9	1	8	3	6	2	5
5	3	6	2	4	9	8	1	7
1	2	8	5	7	6	3	4	9
9	5	2	3	6	1	4	7	8
8	1	4	7	9	2	5	6	3
3	6	7	8	5	4	1	9	2

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩০ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।২০, **সূর্যাস্ত:** ঘ ৬।৪৯ **জোয়ার:** বেলা ১২:৫৯। **ভাটা:** সকাল ৮:২৪।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR/1 USD	:	64.0468
INR/1 Euro	:	76.1516
INR/100 Jap. YEN	:	58.5100
INR/1 Pound Sterling	:	82.9662

শেয়ারসূচক

BSE	31,702.25▲	(-189.98)
NIFTY	9,912.85▲	(-61.55)

শব্দলিপি- ৯৮৯



আয়েশা বেগম

পাশাপাশি ঃ ১। শিশির ৪। রবিকরণ ৬। সুবাস ৭। মেঘ ৯। শক্তি ১১। স্থিরসংকল্পইচ্ছা ১৩। নূতন ১৪। বৈষ্ণবদের ললাটে অঙ্কিত তিলক

উপরনীচ ঃ ২। ছাগী ৩। সোমের পরবর্তী দিন ৪। প্রতিপত্তি ৫। অনুমান ৬। রসবলয়যুক্ত ৮। অশ্বারোহী সৈন্যদলের অধিনায়ক ১০। নির্ভয় ১২। হিরে

সমাধান ঃ শব্দলিপি - ৯৮৮

পাশাপাশি ঃ ১। আরাধ্যা ৩। আপদ ৬। কসমস ৮। কানাড়ি পাতা ১০। টারবাইন ১২। দাসখত ১৪। আজব ১৫। শিরামাত্রা

উপরনীচ ঃ ১। আদর কায়দা ২। বরফচি ৪। পরম ৫। ডাক তার ৭। সরনশীলতা ৯। পটাবিন ১১। বাচালতা ১৩। সহজ

কামারডাঙা শীতলাতলার পুজোয় বাঁশের ব্যবহার

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : উদ্ভিদের মধ্যে বাঁশ সব সময় বদ্ধ হয়ে একতার। পাশাপাশি বাঁশ দিয়ে অনেক সামগ্রী তৈরি হয়।

বাঁশ খোদাই শিল্পকলাও বেশ জনপ্রিয়। হাওড়ার কামারডাঙা শীতলা বারোয়ারীর ২০১৭-র দুর্গাপুজোর পুজো মণ্ডপে এবার সেই বাঁশেরই কারুকার্য ফুটে উঠবে। এবছর তাদের থিমের নাম 'বাঁশের বনে সৃষ্টির সন্ধান' দর্শনার্থীরা চারিদিকে বাঁশের বনের মধ্যে দিয়ে ভিতরে ঢুকে বাঁশের তৈরি করা নানা নিদর্শন স্বচক্ষে দেখতে পারবেন এই পুজো মণ্ডপে এসে। থিম পরিকল্পনার, রূপাকার ও প্রতিমা শিল্পী প্রদীপ দত্ত জানান, বিভিন্ন ধরনের বাঁশের শিল্পকলাই তিনি তুলে ধরতে চাইছেন এই পুজো মণ্ডপে। ভারতবর্ষের বিভিন্ন জায়গার নানারকম বাঁশ যেমন—ভালকো, বাঁশ, জাভা বাঁশ সহ অন্যান্য বাঁশ দিয়ে তৈরি নানা শিল্পীরা ফুটে উঠবে এই মণ্ডপে। দক্ষিণ দিনাজপুরের শিল্পীরা আপ্রাণ চেষ্টা করে এই মণ্ডপ গড়ে তুলেছেন।

প্রতিমার মধ্যে থাকবে সৃষ্টির সুর। শোলার কাজ থাকবে প্রতিমার মধ্যে। মণ্ডপে আলোর শেডগুলোও থাকবে। বাঁশের। একদম উঁচু চূড়ার মাথায় টিনের পাটাতন থাকবে।

কামারডাঙা শীতলাতলার এবছরের পুজোর বাজেট প্রায় পনেরো লক্ষ টাকা। প্রতি বছর এই পুজো দর্শন করতে বহু দর্শনার্থী আসেন। দর্শনার্থীদের কথা চিন্তা করে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থার আয়োজন করেছে পুজো উদ্যোক্তরা।

হাওড়ার সেরা পুজোর তকমা ছিনিয়ে নিতে যথেষ্ট আশাবাদী তারা।

সদানন্দ স্মৃতি সংঘের পুজোয় বৈষ্ণদেবীর মন্দির

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : পাহাড়ী রাস্তা দিয়ে সকলে উঠছে চূড়ায়। দু'ধারে সজীব গাছপালা। কোথাও বিশ্রামাগার, কোথাও আবার শৌচালয়। 'জয় মাতা দি' বলতে বলতে ভক্তরা উঠছেন মা বৈষ্ণবেদবী দর্শনে। আততায়ীদের হুমকি, সন্ত্রাস সত্ত্বেও ভক্তরা 'জয় মাতা দি' 'জয় মাতা দি' বলতে বলতে যাচ্ছেন ধর্মস্থান জম্মু-কাশ্মীরের জম্মুর বৈষ্ণদেবীর মন্দিরের হাওড়ার বালিটীকুরীর সদানন্দ স্মৃতি সংঘের ৫৬তম বর্ষের থিমে ঠিক এই পরিবেশেই তৈরি করার চেষ্টা হচ্ছে। এবছর তাদের মণ্ডপ মা বৈষ্ণদেবীর মন্দির। সংঘের যুগ্ম সম্পাদক সৌমেন ব্যানার্জী ও তপন নন্দী জানান, ঠিক সেভাবে জম্মুর বৈষ্ণদেবীর মন্দিরে বিপমুলক পাহাড় টপকে মায়ের দর্শন করা হয়। সে রকমই মণ্ডপ তারা তৈরি করার চেষ্টা করছেন। পাহাড়ের মধ্যে দিয়ে সুরু পথ দিয়েই দর্শনার্থীরা মা বৈষ্ণদেবীর দর্শন করবেন এখানে। মণ্ডপে নির্মিত পাহাড়ের চূড়ায় থাকবে হেলিপ্যাড ও হেলকপ্টার। হাওড়ার বালিটীকুরীর সদানন্দ স্মৃতি সংঘের এবারের পুজোর বাজেট প্রায় ১৫ লক্ষ টাকা। মণ্ডপ শিল্পী মিঃ শঙ্কর ও নন্দী ডেকোরেটরস। প্রতিমা শিল্পীর নাম কুমারটুলির বিশ্বজিৎ পাল। মণ্ডপে না বৈষ্ণদেবীর মূর্তিও থাকবে এবং চিরাচরিত রীতি মেনে সনাতনী প্রতিমাও থাকবে। দর্শনার্থীদের কথা চিন্তা করে মণ্ডপে থাকবে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা। প্রতিবছরই এই পুজো বিভিন্ন সংস্থা থেকে নানা পুরস্কার পায়।

সভা /অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)
আজ সোমবার আলোচনায়: নিবেদিতা পাঠক: শিশির রায়।
সময় : সন্ধ্যা ৬-৪৫/ ভজন: ৫-১৫

ভাগ্যলিপি

মেষ

আজ গুরুত্বপূর্ণ কাজ দ্রুত শেষ করার চেষ্টা করুন।

বৃষ

পরিস্থিতি অযথা কঠিন করে তুলবেন না। সমস্যা দ্রুত সমাধানের চেষ্টা করুন তাতে সাফল্য আসবে।

মিথুন

সন্ধ্যোর পর অযথা ঝামেলাই জড়িয়ে পড়তে পারেন।

কর্কট

আপনি মনে করছেন, যে ইতিবাচক দিকে এগোতে পারছেন, বাস্তবে তা নাও হতে পারে।

সিংহ

আজ বিভিন্ন দিক থেকে ভালো খবর পাবেন। সহকর্মিরা আপানাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে।

কন্যা

যোগাযোগ ক্ষেত্রের সঙ্গে যুক্ত কর্মীদের সাফল্য আসবে। মানুষ আপনার উপর আস্থা প্রকাশ করবে।

তুলা

নতুন নতুন ভাবনা আজ আপনার মাথায় আসবে তাকে বাস্তবায়িত করার চেষ্টা করুন।

বৃশ্চিক

আপনার সহ কর্মীরা আপনাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে ফলে অনেক লাভবান হবেন আপনি।

ধনু

হতাশ হবেনা এগিয়ে চলার চেষ্টা করুন, সাফল্য আসতে দেরিহতে পারে।

মকর

খরচ বৃদ্ধি পাবে, পরিকল্পানা অনুসারে এগিয়ে গেলে সাফল্য আসবে।

কুম্ভ

আপনার স্বপ্নসফল হবে আপনার ব্যবস্যায় পরিকল্পনায় সফল হতে পারে। সুনাম বৃদ্ধি পাবে।

মীন

গণেশ বলছেন, মেধা এবং উর্ধকর্ষতা বৃদ্ধি পাবে।

দুঃস্থ মহিলাদের হাতে নতুন বস্ত্র তুলে দিলেন নববারাকপুরের পুরপিতা সৌমিত্র মজুমদার

নিজস্ব সংবাদদাতা, নববারাকপুর : দুর্গাপুজোর আর বাকি মাত্র ১৫দিন। সমাজে পিছিয়ে পড়া দুস্থ অসহায় মহিলাদের মুখে হাসি ফুটিয়ে তুলতে তাঁদের হাতে নতুন বস্ত্র তুলে দিলেন নববারাকপুর পুরসভার ১২ নং ওয়ার্ডের পুরপিতা সৌমিত্র মজুমদার। রবিবার সকালে পুরসভার ১০টি ওয়ার্ডের প্রায় পাঁচ শতধিক মহিলার হাতে নতুন শাড়ি তুলে দিলেন এইসব সমাজের অসহায় মহিলারা নতুন শাড়ি উপহার পেয়ে আনন্দে উচ্ছসিত। এইসব অসহায় মহিলারা পুরপিতাকে আশীর্বাদ করলেন তাঁর এই মহতী সমাজিক প্রয়াসকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। সৌমিত্রবাবুর দীর্ঘদিনের সামাজিক কাজের প্রশংসা করলেন উপস্থিত নববারাকপুর পুরসভার পুরপ্রধান তৃপ্তি মজুমদার থেকে উপস্থিত অন্যান্য জনপ্রতিনিধিরা। সমাজ সেবার একটা বিরল দৃষ্টান্ত স্থাপন করলেন পুরপিতা সৌমিত্র মজুমদার পুরপিতা সৌমিত্র মজুমদার বলেন বাবা প্রয়াত কমলাকান্ত মজুমদারের অনুপ্রেরণায় এই সেবামূলক কাজে ব্রতী হয়ে তাঁর দেখানো পথেই চলা শুরু হয়েছিল।

২০০৯ সাল থেকে দীর্ঘ ৯ বছর ধরে এই সামাজিক কাজ করে চলেছি। রবিবার ১২ নং ওয়ার্ডের কার্যালয় থেকে পুরসভার ১০টি ওয়ার্ডে নিজ উদ্যোগে প্রায় পাঁচ শতাধিক মহিলাদের হাতে নতুন শাড়ি তুলে দিয়েছি। আগামী বুধবার ৯নং ওয়ার্ডের মহিলাদের হাতে শাড়ি তুলে দেওয়া হবে। সম্পূর্ণ নিজ উদ্যোগে নিজের খরচায় পুজোর আগে এলাকায় মা বোনেদের মুখে একটু হাসি ফোটাতে এই ধারাবাহিক বস্ত্র বিতরণ অনুষ্ঠান করে থাকি। কোনও চাঁদা তুলে বা অনুদান নিয়ে এই সেবামূলক অনুষ্ঠান করি না।১২নং ওয়ার্ড কমিটির সচিব ও অন্য সকল সদস্যদের আন্তরিকতা ছিল চোখে পড়ার মতো। সামাজিক দায় বদ্ধতার এই মহতী সেবামূলক কাজে বহু মানুষ শামিল হয়েছিল। সৌমিত্রবাবু বলেন, পুরপিতা হিসাবে মানুষকে সঠিক পরিষেবা দেওয়া প্রধান কাজ। শুধু রাস্তা ঘাট, আলো, ড্রেন নিকাশি করলেই হবে না। অসহায় ছাত্র-ছাত্রীদের ও প্রবীণ বৃদ্ধাদের পাশে দাঁড়াতে হবে। আর তার জন্য এই বস্ত্র বিতরণ ও পুস্তক প্রদান অনুষ্ঠান করে থাকি। উপস্থিত ছিলেন পুরপিতা ডঃ অশোক কুমার মিত্র, নিখিল মালো, মনোজ সরকার, পুরমাতা স্বপ্না বিশ্বাস, গৌরী সাহা, অর্চনা সেন, নির্মিকা বাগচী, আইনজীবী প্রতাপ ঘোষ, ডঃ বিধান চন্দর মণ্ডল সহ বিশিষ্ট জনেরা। নতুন শাড়ি নিতে মহিলাদের একটা চাঁদের হাট বসেছিল।

বসিরহাটের স্কুলে ভূতের আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা, বসিরহাট : বসিরহাট ১ নম্বর ব্লকের গোটরা গ্রাম পঞ্চায়েতের গোটরা হাই স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে ভূতের আতঙ্ক ছড়িয়ে পড়লো। গত তিনদিন ধরে ভূতের উপদ্রবে ওই স্কুলের দশম শ্রেণির দুই ছাত্র পাঁচ ছাত্রী আহত হয়েছেন। তাদের মধ্যে সোনালি খাতুন নামে এক ছাত্রীকে কলকাতার আরজিকর হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকি ছাত্র-ছাত্রীরা বসিরহাট জেলা হাসপাতালে ভর্তি। ঘটনার জেরে স্কুল কর্তৃপক্ষ শুক্রবার স্কুলে ছুটি ঘোষণা করতে বাধ্য হয়। স্কুল সূত্রে জানা গিয়েছে, গত তিনদিন ধরে বেলা ১২টা বাজলেই স্কুলের দোতলার ঘরে আতঙ্ক ছড়িয়ে পড়ছে।

কোনও এক অজানা কিছুর অস্তিত্ব টের পাচ্ছেন, ছাত্র-ছাত্রীরাও আতঙ্কিত হয়ে পড়েছেন। স্কুলটিতে প্রায় ৫৫০ জনের মতো ছাত্র-ছাত্রী রয়েছে। ঘটনার জেরে আতঙ্কিত হয়ে পড়েছেন ছাত্র-ছাত্রীদের অভিভাবকরাও। স্থানীয় সূত্রে অনেকে মনে করছেন, কোনও অশরীর কিছুই উৎপাত শুরু হয়েছে স্কুলে। এদিকে এই ঘটনায় গোটরা হাইস্কুলের প্রধান শিক্ষক অমিতাভ দাস বলেন, গত তিনদিন ধরে স্কুলে যে ঘটনা ঘটছে তার কোনও ব্যাখ্যা আমার কাছে নেই। ঘটনায় আমিও হতবাক। শুধুমাত্র স্কুলের দোতলার দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে শ্বাসকষ্ট দেখা যাচ্ছে ও জ্ঞান হারিয়ে ফেলেছে। ছাত্রছাত্রীরা জানায়, তার অশরীরী কিছুরই উপস্থিতি নাকি অনুভব করছে! ঘটনার জেরে শনিবার সকালে ওই স্কুলে যায় স্থানীয় মেডিক্যাল টিম ও বসিরহাট থানার আধিকারিকরা। মেডিক্যাল টিমের প্রতিনিধিরা ছাত্র ছাত্রীদের কাউন্সেলিংকরান।

দুঃস্থদের কম্বল বিতরণ

নিজস্ব সংবাদদাতা, উঃ ২৪ পরগনা : সম্প্রতি সমাজসবী সংস্থা সুপর্ব-র উদ্যোগে হাঁসখালি, নদিয়া, ময়ূর হাট ২নং অঞ্চলে সুস্থ মানুষদের মধ্যে কম্বল বিতরণ করা হয়।

উপস্থিত ছিলেন এলাকার অঞ্চল প্রধান সীমা মণ্ডল, উপপ্রধান সুব্রত মণ্ডল ওবি,সি সেলের সভাপতি স্বপন দত্ত, সম্পাদক গৌতম ঘোষাল, সমগ্র অনুষ্ঠানের দায়িত্বে ছিলেন এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব নীহার সরকার।

কোনা এক্সপ্রেসওয়েতে দুর্ঘটনা, আহত দুই

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : দ্বিতীয়হুগলি সেতুর দিকে যাওয়ার সময়ে একটি বালিবোঝাই লরিকোনা এক্সপ্রেসওয়েতে সাঁতরাগাছি স্টেশনের কাছে হঠাৎই উল্টে যায়। ঘটনাটি ঘটে রবিবার ভোর ৩টেনাগাদ। আহত ড্রাইভার ও হেল্পার

হাওড়ায় তৃণমূল-বিজেপি সংঘর্ষ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ায় বিজেপি-তৃণমূলের মধ্যে সংঘর্ষে ফের উত্তাল হল এলাকা। রবিবার রাতেই বিজেপি'র সর্বভারতীয় সভাপতি অমিত শাহ কলকাতায় এসেছেন। সোমবার বিবেকানন্দের শিকাগো বক্তৃতার ১২৫ বছর উপলক্ষে মিছিলে থাকবেন তিনি। শনিবার এই উপলক্ষে হাওড়ার বি গার্ডেন থানা এলাকার দানেশ শেখ লেনে দুপুরে একটি মিছিলের আয়োজন করে বিজেপি। এই উপলক্ষে দক্ষিণ হাওড়ার বিজেপি কর্মীরা ব্যানার লাগাতে এলে এক দল তৃণমূল কর্মী তাদের উপর চড়াও হয়। দক্ষিণ হাওড়ার তৃণমূলের চেয়ারম্যান কেষ্ট গুহর আপ্তসহায়ক সোনুর নেতৃত্বে ৭০/৮০ জন তৃণমূল কর্মী বিজেপি কর্মীদের উপর হামলা চালায় বলে অভিযোগ। এরপর দুপক্ষের মধ্যে ব্যাপক মারামারি শুরু হয়। চারজন বিজেপি কর্মী গুরুতর জখম হয়। এদের মধ্যে বিশ্বজিৎ চৌধুরি নামের এক বিজেপি কর্মীকে গুরুতর জখম অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। এলাকায় উত্তেজনা থাকায় নামানো হয়েছে র‍্যাফ ও কমব্যাট ফোর্স। যদিও এই অভিযোগ অস্বীকার করেছে জেলা তৃণমূল নেতৃত্ব। তারা জানিয়েছেন, এব্যাপারে বিজেপি যে অভিযোগ করছে তা সম্পূর্ণ মিথ্যা। বিজেপিরা প্রথম ঝামেলা পাকায়।